

21 APR 2003

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৩

তারিখ : ১৩/০৪/২০০৩

সি.এফ.সি. ১৩/১-১৬ (গবেষণা)/২০০৩/১৬৬

বিষয়: জাপান সরকার প্রদত্ত মনবুকাগাকুশো (Monbukagakusho) (গবেষণা) বৃত্তি ২০০৪ প্রসঙ্গে

২০০৪ শিক্ষাবর্ষে জাপান সরকার প্রদত্ত মনবুকাগাকুশো (Monbukagakusho) (গবেষণা) পূর্ণাঙ্গ বৃত্তির অধীনে মেধাক্রমের ভিত্তিতে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত বিষয়ে আবেদনের জন্য দরখাস্ত আহ্বান করা যাবে :

Group (i) Humanities & Social Sciences	Literature, History, Aesthetics, Law, Politics, economics, Commerce, Pedagogy, Psychology, Sociology, Music, Fine Arts etc.
Group (ii) Natural Sciences	Pure Science, Engineering, Agriculture, Fisheries, Pharmacology, Medicine, Dentistry, Home Economics, etc.

২। মানবিক কলা ও বাণিজ্য শাখার প্রার্থীদের মাতৃকোঠের পরীক্ষা পূর্ব পর্যন্ত ন্যূনতম তিনটি প্রথম বিভাগ এবং অন্যান্য প্রার্থীদের সকল পরীক্ষায় ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে। চিকিৎসা বিজ্ঞান ও ডেন্টাল প্রার্থীদের এমবিবিএস/বিডিএস পরীক্ষায় প্রত্যেক বিষয়ে গড়ে ৬০% নম্বর থাকতে হবে ও নিয়মিতভাবে পাশ করতে হবে। মেডিসিন বিষয়ে আবেদনকারীদের আবেদনের পূর্বে ইন্টার্নশীপ সমাপ্ত করতে হবে।

৩। ১-৪-২০০৪ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩৫ বৎসরের মধ্যে হতে হবে। (যারা ০১/০৪/১৯৬৯ তারিখ বা এর পরে জন্ম গ্রহণ করেছেন)।

৪। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইতিপূর্বে অনাকোম বৃত্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

৫। একজন প্রার্থী একাধিক বিষয়ে আবেদন করতে পারবে না।

৬। প্রার্থীদের জাপানী ভাষা শিখতে হবে এবং জাপানী ভাষায় পাঠ নিতে হবে।

৭। ইচ্ছাকৃত মিথ্যা বিবরণ/তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। একটি দেশের বৃত্তির জন্য কেহ মনোনীত হলে তাকে অন্য কোন দেশের বৃত্তির প্রার্থী হিসাবে বিবেচনা করা হয় না। এই বৃত্তি ভোগে অগ্রহী নন এমন প্রার্থীকে আবেদন করা থেকে বিরত থাকার পরামর্শ দেয়া যাবে।

৯। এনএসসি থেকে মাতৃক/মাতৃকোঠের পর্যায়ে গ্রাণ্ড নম্বরের ভিত্তিতে এবং প্রয়োজনে মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

১০। আবেদনপত্রের ছক নিম্নরূপ হবে :

জাপান সরকার প্রদত্ত মনবুকাগাকুশো (গবেষণা) বৃত্তি-২০০৪ এর জন্য আবেদন
প্রার্থিত বিষয়ের নাম :

(ক) প্রার্থীর নাম	:
(খ) পিতার নাম	:
(গ) বর্তমান ঠিকানা (টেলিফোন নম্বর)	:
(ঘ) স্থায়ী ঠিকানা	:
(ঙ) জন্ম তারিখ	:
(চ) বয়স (১/৪/২০০৪ তারিখে)	:
(ছ) জাতীয়তা	:
(জ) চাকুরীরত থাকলে পদবী ও প্রতিষ্ঠানের নাম	:
(ঝ) বীভূত জর্নালে প্রকাশনার বিবরণ (যদি থাকে)	:
(ঞ) প্রস্তাবিত অধ্যয়ন/গবেষণার বিষয়	:
(ট) সকল পরীক্ষার ফলাফল	:

পরীক্ষার নাম	শাখা/বিষয়	পাশের সন	গ্রাণ্ড বিভাগ	অনুষ্ঠিত পরীক্ষার মেট্র নম্বর	গ্রাণ্ড মেট্র নম্বর	শতকরা হার
এনএসসি						
এইচএসসি						
মাতৃক						
মাতৃকোঠের						
অন্যান্য						

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, জাপানের গবেষণা বৃত্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হলে উক্ত বৃত্তির সুযোগ অবশ্যই গ্রহণ করবো এবং জাপানে গমন করবো।

আবেদনকারীর স্বাক্ষর

১০। যে সকল প্রার্থী কোন পরীক্ষায় নম্বরের পরিবর্তে গ্রেড পেয়েছেন, তাদেরকে গ্রেড নম্বরে রূপান্তর করে দিতে হবে এবং এর স্বপক্ষে তিনই কাগজে ক্যালকুলেশন দেখাতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এডমসংক্রমিত প্রত্যয়নের সত্যায়িত কপি দাখিল করতে হবে। নতুবা তা বিবেচনার আনা হবে না। এমবিবিএস ও বিডিএস প্রার্থীদের প্রতি পাঠ পাশের সাল ও গ্রাণ্ড নম্বর আলোচনা কাগজে দেখাতে হবে এবং প্রতি পাঠের জন্য মেট্র নম্বর মূল আবেদনে উল্লেখ করতে হবে।

১১। আবেদনপত্র নিয়ন্ত্রককারীর ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে আগামী ৩০/০৪/২০০৩ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত ব্যতিল বলে গণ্য হবে। দরখাস্তের খামের উপর "জাপান সরকার প্রদত্ত মনবুকাগাকুশো (গবেষণা) বৃত্তি" শব্দ ও বিষয়ের নাম উল্লেখ থাকতে হবে।

১২। মনোনয়নের জন্য প্রাথমিক ভাবে নির্বাচিত প্রার্থীদের নাম সচিবালয়ের ১নং গেইট এর অভ্যর্থনা কক্ষের সামনে টানিয়ে দেয়া হবে। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত প্রার্থীদের ঢাকায় জাপান দূতাবাস কর্তৃক আয়োজিত মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ পরে জানানো হবে। এ জন্য মন্ত্রণালয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য বলা হলো।

১৩। মনোনীত প্রার্থীদের নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে বিধায় তা তৈরী রাখার জন্য পরামর্শ দেয়া হলো :

(ক) ৬ X ৪ সেমিঃ এর সাম্প্রতিক তোলা ছবি;

(খ) বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের সুপারিশপত্র;

(গ) বর্তমানে চাকুরীরত থাকলে কর্তৃপক্ষের সুপারিশ পত্র;

(ঘ) বিসিএসের সর্ভিকণ্ড বিবরণ;

(ঙ) প্রার্থী যে বিষয়ে পড়তে ইচ্ছা সে বিষয়ে জাপানের কোন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপকের সার্ব যোগাযোগের জন্য এবং একটি Letter of acceptance গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো।

১৪। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(ডায়েরী নম্বরমুদ্রা নাহাও)
সিনিয়র সহকারী সচিব
ডবন নং-৬, কক্ষ নং-১৭০৬
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোন : ৯১৬৫০৩২

ডিসি-৩১৩১

ডিএফপি-২৫১৭-১৬/৪